# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 28 June, 2025

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কানাডার সঙ্গে চলমান বাণিজ্য আলোচনা হঠাৎ স্থগিত করেছেন। ট্রাম্প কানাডার মার্কিন প্রযুক্তি কোম্পানিগুলোর ওপর আরোপিত শুল্ককে 'প্রকাশ্য আক্রমণ' হিসেবে অভিহিত করেন।

স্থানীয় সময় শুক্রবার এই ঘোষণার ফলে মার্কিন-কানাডার সম্পর্ক নতুন করে সংকটে পড়ে। গত জুনে জি৭ বৈঠকে দুই দেশ ৩০ দিনের মধ্যে নতুন অর্থনৈতিক চুক্তি করার বিষয়ে সম্মত হয়েছিল।

এই ঘটনাটি মার্কিন ট্রেজারি সেক্রেটারি স্কট বেসেন্টের আশাবাদের কয়েক ঘণ্টা পর আসে, যিনি মার্কিন খনিজ পদার্থ আমদানিতে চীনসহ অন্যান্য শুল্ক আলোচনা নিয়ে অগ্রগতি ঘোষণা করেছিলেন।

ট্রাম্প ক্ষমতায় ফিরে আমদানি শুল্ক আরোপ করে বাজারে অস্থিরতা তৈরি করেছেন, যা মার্কিন অর্থনীতির ভোক্তা ব্যয়কে প্রভাবিত করছে।শুক্রবার তিনি বলেছেন, প্রযুক্তি খাতের ওপর উচ্চ শুল্ক আরোপের কারণে বাণিজ্য আলোচনা বন্ধ করে দেওয়া হয়েছে এবং আগামী সপ্তাহে নতুন শুল্ক আরোপের ঘোষণা দেবেন।

ট্রাম্পের সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া বার্তায় বলা হয়েছে, তারা তাৎক্ষণিকভাবে কানাডার সঙ্গে সব বাণিজ্য আলোচনা স্থগিত রাখবেন।

ডোনাল্ড ট্রাম্প কানাডা বাণিজ্য স্থগিত মার্কিন-কানাডা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:35

URL: https://www.timestodaybd.com/international/7758073848